

লুটনে চারিটি ম্যাচ অনুষ্ঠিত

॥ সুরমা সংবাদদাতা ॥

লুটন ২৭শে নভেম্বর। স্থানীয় স্টেডিয়ামে ফুটবল ক্লাব বাংলাদেশ একাদশ বনাম এন্স লুটন টাউন একাদশ এবং মিতালী জুনিয়র বনাম লুটন টাউন জুনিয়র একাদশের মধ্যে এক চারিটি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত হয়।

বাংলাদেশের কন্যা দুর্গতদের সাহায্যার্থে আয়োজিত এই চারিটি ম্যাচে বাংলাদেশ একাদশ ও লুটন টাউন জুনিয়র দল বিজয়ী হয়।

সর্বজনাব আশুক আহমদ ও শহীদ উদ্দিন মিতালী ইমুথ এসোসিয়েশনের পক্ষ থেকে অংশ গ্রহণকারী সকল খেলোয়াড়দের শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়েছেন।



..... লুটনে চারিটি ফুটবল ম্যাচের খেলোয়াড়দের দেখা যাচ্ছে।

মিতালী যুব সংঘের বাংলাদেশ সফর



গত ৩রা এপ্রিল বাংলাদেশে অবস্থানরত ব্রিটিশ হাইকমিশনের সাথে এক প্রদর্শনী ফুটবল ম্যাচে অংশগ্রহণ করার জন্য ১৬ সদস্যের একটি দল লুটন

মিতালী যুব সংঘ বাংলাদেশে নিয়ে যায়। প্রথম ফুটবল ম্যাচ অনুষ্ঠিত হয় ৬ই এপ্রিল ঢাকা আর্মি স্টেডিয়ামে।

বাংলাদেশ অবস্থানকালে মিতালীর এই দল সর্বমোট

৯টি খেলায় অংশগ্রহণ করে। দলটি বাংলাদেশে ৬ সপ্তাহ অবস্থান করে।

অবস্থানকালে ওরা বাংলাদেশে বিভিন্ন জেলাভ্রমণ করে।